# নির্বাহী পরিচালক (প্রকৌশল)-এর বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন রিপোর্ট

প্রতিবেদনের মাসঃ মার্চ, ২০২৩ ইং

| ক্রঃ নং | প্রকল্পের / বিদ্যুৎ কেন্দ্রের নাম | পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনের স্থান ও সময়কাল | পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণ ও সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি | মোঃ আব্দুস সামাদ, নির্বাহী পরিচালক (প্রকৌশল), নওপাজেকো। | **স্থানঃ**<br>খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি, খুলনা।<br><br>**সময়কালঃ**<br>১৩/০৩/২০২৩ ইং | **পর্যবেক্ষণঃ**<br>GT Gas Commissioning এর কাজ পর্যবেক্ষণ।<br><br>**সিদ্ধান্তঃ**<br>• গ্যাস সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে SGCL এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে নিয়মিত অগ্রগতি অবহিত করতে হবে।<br><br>**নিরাপত্তা স্থাপনা পর্যবেক্ষণঃ**<br>উক্ত বিদ্যুতকেন্দ্রের নিরাপত্তা স্থাপনাসমূহ পর্যবেক্ষণ করা হয়।<br><br>**পরামর্শঃ**<br>• বিদ্যুতকেন্দ্রটি ১'ক' শ্রেণিভুক্ত হওয়ায় সকল কর্মকর্তা-কর্মচারীর পুলিশ ভেরিফিকেশন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নিয়মিত বিরতিতে হালনাগাদ করতে হবে। | |
| ২ | রূপসা ৮০০ মেঃ ওঃ সিসিপিপি প্রকল্প | মোঃ আব্দুস সামাদ, নির্বাহী পরিচালক (প্রকৌশল), নওপাজেকো। | **স্থানঃ**<br>রূপসা ৮০০ মেঃ ওঃ সিসিপিপি প্রকল্প, খুলনা।<br><br>**সময়কালঃ**<br>১৩/০৩/২০২৩ ইং | **পর্যবেক্ষণঃ**<br>রূপসা ৮০০ মেঃ ওঃ সিসিপিপি প্রকল্পের চলমান কাজ পর্যবেক্ষণ করা হয়। | |

১৫/৩/২০২৩

**(মোঃ আব্দুস সামাদ)**
নির্বাহী পরিচালক (প্রকৌশল)
নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোং লিঃ, ঢাকা।

<u>নির্বাহী পরিচালক (পিএন্ডডি)-এর প্রকল্পস্থান / বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন রিপোর্ট</u>

প্রতিবেদনের সময়কালঃ জানুয়ারি, ২০২৩ ইং

| ক্রঃ নং | প্রকল্পের / বিদ্যুৎ কেন্দ্রের নাম | পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনের স্থান ও সময়কাল | পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণ ও সিদ্ধান্ত / সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | মোঃ হারুন অর রশীদ, নির্বাহী পরিচালক (পিএন্ডডি), নওপাজেকো লিঃ। | **স্থানঃ**<br>ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র, ভেড়ামারা, কুষ্টিয়া।<br><br>**সময়কালঃ**<br>২৫/০১/২০২৩ ইং – ২৬/০১/২০২৩ ইং। | **পর্যবেক্ষণঃ**<br>১) পরিদর্শনকালে বিদ্যুৎ কেন্দ্রের Police Building এলাকায় 3rd Party Contractor-এর লোকজন Unauthorized ভাবে বসবাস করছেন মর্মে প্রতীয়মান হয়েছে। বিষয়টি সম্পর্কে প্ল্যান্ট ম্যানেজারকে জিজ্ঞাসাবাদ করা হলে তিনি জানান যে, 3rd Party Contractor-এর লোকজন প্ল্যান্ট ম্যানেজারের মৌখিক অনুমতি নিয়ে অত্র বিদ্যুৎ কেন্দ্রের Police Building এলাকায় অবস্থান করছেন এবং তদ্প্রেক্ষিতে পরবর্তীতে তারা এতদ্সংক্রান্ত ভাড়া পরিশোধ করবে। পরবর্তীতে, নিম্নস্বাক্ষরকারী জানতে পারেন যে, উক্ত ভাড়া পরিশোধ সংক্রান্ত কোন চুক্তি এখনো সম্পাদিত হয়নি এবং এতদ্ সংক্রান্ত কোন অনুমতিও নওপাজেকো'র ঊর্ধ্বতন কর্তৃপক্ষ হতে নেয়া হয়নি।<br><br>২) বিদ্যুৎ কেন্দ্রের ভবনসমূহের উপরে স্থাপিত Solar plant গুলো মিটারিংসহ চালু আছে দেখা যায় যা সন্তোষজনক।<br><br>৩) আলোচ্য বিদ্যুৎ কেন্দ্রের প্ল্যান্ট ম্যানেজার (প্রঃ প্রঃ)-এর বিগত ৬ (ছয়) মাসে (জুলাই, ২০২২ ইং হতে ডিসেম্বর, ২০২২ ইং পর্যন্ত) ব্যক্তিগত TA/DA বিলের পরিমাণ তুলনামূলকভাবে ও কৃচ্ছতার সময় বিবেচনায় অগ্রহণযোগ্য বলে প্রতীয়মান হয়েছে।<br><br>**সিদ্ধান্ত / সুপারিশঃ**<br>১) ০৫/০২/২০২৩ ইং তারিখের মধ্যে Contractor / OEM-এর লোকজন বিদ্যুৎ কেন্দ্রের অভ্যন্তরে / রেস্ট হাউজে / অফিসার্স ডরমিটরিতে থাকা এবং ভাড়া পরিশোধের বিষয়ে নওপাজেকো'র ঊর্ধ্বতন কর্তৃপক্ষ হতে অনুমোদন গ্রহণকরতঃ | |

| ক্রঃ নং | প্রকল্পের / বিদ্যুৎ কেন্দ্রের নাম | পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনের স্থান ও সময়কাল | পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণ ও সিদ্ধান্ত / সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | অফিসিয়াল চুক্তি সম্পাদন করতে প্ল্যান্ট ম্যানেজারকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও, ঠিকাদারের কত সংখ্যক লোক বর্তমানে বিদ্যুৎ কেন্দ্রে রয়েছেন তা সঠিকভাবে তালিকাবদ্ধ করতে হবে এবং ভবিষ্যতে বিদ্যুৎ কেন্দ্রে যেন কোন প্রকার Unauthorized লোক বিদ্যুৎ কেন্দ্রে প্রবেশ করতে না পারে সে বিষয়টি নিশ্চিত করতে হবে।<br><br>২) চলমান কৃচ্ছতার সময় বিবেচনায় TA/DA বিলের ব্যাপারে যথাসম্ভব conservative হতে হবে। | |
| ২ | লং টার্ম সার্ভিস এগ্রিমেন্ট ফর ভেড়ামারা কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট প্রকল্প | মোঃ হারুন অর রশীদ, নির্বাহী পরিচালক (পিএন্ডডি), নওপাজেকো লিঃ। | **স্থানঃ**<br>ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র, ভেড়ামারা, কুষ্টিয়া।<br><br>**সময়কালঃ**<br>২৫/০১/২০২৩ ইং – ২৬/০১/২০২৩ ইং। | **পর্যবেক্ষণঃ**<br>১) আনুমানিক ৪০ (চল্লিশ) দিন ব্যপ্তিকালে সম্পাদনের নিমিত্ত গত ১০/০১/২০২৩ ইং তারিখ হতে বিদ্যুৎ কেন্দ্রের Gas Turbine এবং Steam Turbine-এর 1st Major Inspection (MI) শুরু হয়েছে।<br><br>২) প্রস্তুতকারক প্রতিষ্ঠানের বৈদেশিক Technical Advisor (TA)বৃন্দ বর্তমানে প্রকল্প সাইটে অবস্থান করছেন।<br><br>৩) পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে যে, Gas Turbine-এর Compressor, Combustor ও Turbine -এর বিভিন্ন Segment Dismantle করে NDT সম্পন্ন করতে গিয়ে Compressor Section এর ১২ নং স্টেজের Upper Half এর 2-3 Diaphragm Segment-এ ১০ মিলিমিটার এর Wire cut Damage দৃষ্টিগোচর হয়েছে। Mitsubishi Power এর Observation and Recommendation অনুযায়ী Diaphragm টি মেরামত অযোগ্য বিধায় পুনরায় ব্যবহারযোগ্য নয় এবং চলমান MI এ নতুন Diaphragm দ্বারা ক্ষতিগ্রস্থ Diaphragm টি Replace করতে হবে। Diaphragm টি Replace না করা হলে, ভবিষ্যতে Damage Propagate করে পরবর্তী Compressor Section এবং Turbine Section ক্ষতিগ্রস্থ হতে পারে। Compressor এর | |

| ক্রঃ নং | প্রকল্পের / বিদ্যুৎ কেন্দ্রের নাম | পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনের স্থান ও সময়কাল | পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণ ও সিদ্ধান্ত / সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | Diaphragm টি LTSA এর Roll in-Roll Out Material এর অন্তর্ভুক্ত নয় এবং বর্তমানে বিদ্যুৎ কেন্দ্রের ভান্ডারে এর কোন Spare নেই এবং বিষয়টি Mitsubishi Power-কে অবহিত করলে তারা NWPGCL-কে জানায় যে, একই Specification এর Diaphragm বর্তমানে জাপানে Mitsubishi Power এর কাছে Available নেই এবং MI চলাকালীন স্বল্পসময়ে Export এর মাধ্যমে বিদ্যুৎকেন্দ্রে Diaphragm টি পৌঁছানো অসম্ভব। এমতাবস্থায়, Mitsubishi Power এর পক্ষ থেকে জানানো হয় যে, EGCB-এর আওতাধীন New Haripur 412 MW CCPP বিদ্যুৎ কেন্দ্রে একই মডেলের (M701F4) Gas Turbine বিদ্যমান থাকায়, সেখানে উল্লিখিত 2-3 Diaphragm Segment টির Spare রয়েছে এবং New Haripur 412 MW CCPP বিদ্যুৎ কেন্দ্র থেকে ধার ভিত্তিতে অথবা মূল্য পরিশোধ সাপেক্ষে এনে ক্ষতিগ্রস্থ Diaphragm Segment টি প্রতিস্থাপনপূর্বক চলমান MI নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব। এতদ্‌বিষয়ে, গত ২৫/০১/২০২৩ ইং তারিখে নওপাজেকো হতে EGCB বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। নিম্নস্বাক্ষরকারীর জিজ্ঞাসার প্রেক্ষিতে প্ল্যান্ট ম্যানেজার জানান যে, Compressor Section এর ১২ নং স্টেজের Upper Half এর 2-3 Diaphragm Segment-এ ১০ মিলিমিটার এর Wire cut Damage গত ২৩/০১/২০২৩ ইং তারিখে NDT করার সময় ঠিকাদারের দৃষ্টিগোচর হয়েছে। তদ্‌প্রেক্ষিতে, EGCB বরাবর পত্র প্রেরণের নিমিত্ত সে সময়ই জরুরি ভিত্তিতে পত্রের খসড়া তৈরি করা হয়েছে এবং ২৫/০১/২০২৩ ইং তারিখ দুপুর পর্যন্ত অপেক্ষা করা হয়েছে NDT শেষ হবার জন্য। NDT শেষ হবার পর আর কোন Fault পরিলক্ষিত না হওয়ায় ২৫/০১/২০২৩ ইং তারিখ সন্ধ্যায় EGCB বরাবর উল্লিখিত 2-3 Diaphragm Segment টির Spare-এর জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | |

| ক্রঃ নং | প্রকল্পের / বিদ্যুৎ কেন্দ্রের নাম | পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনের স্থান ও সময়কাল | পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণ ও সিদ্ধান্ত / সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ৪) পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে যে, গত ১৮/০১/২০২৩ ইং তারিখের মধ্যে GTG Rotor টি Pull-out করার Schedule থাকলেও পরিদর্শনের সময় ২৬/০১/২০২৩ ইং তারিখ পর্যন্ত GTG Rotor টি Pull-out করা হয়নি। বিষয়টি সম্পর্কে নিম্নস্বাক্ষরকারীর জিজ্ঞাসার প্রেক্ষিতে প্ল্যান্ট ম্যানেজার জানান যে, GTG Rotor টি Pull-out করার পূর্বেই দৃষ্টিগোচর হয়েছে যে, GTG Rotor টির Rail Alignment ঠিক নেই। এমতাবস্থায়, GTG Rotor টি Pull-out করতে সমস্যা হবে।<br><br>৫) গত ১০/০১/২০২৩ ইং তারিখ হতে বিদ্যুৎ কেন্দ্রের Gas Turbine এবং Steam Turbine-এর 1st Major Inspection (MI) শুরু হলেও পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে যে, গত ২৫/০১/২০২৩ ইং তারিখ রাতেও বিদ্যুৎ কেন্দ্রে চলমান MI-এর জন্য প্রয়োজনীয় Tool প্রবেশ করেছে। বিষয়টি সম্পর্কে নিম্নস্বাক্ষরকারীর জিজ্ঞাসার প্রেক্ষিতে প্ল্যান্ট ম্যানেজার জানান যে, বিদ্যুৎ কেন্দ্রের চলমান MI-এর জন্য বিগত প্রায় ২ (দুই) বছর ধরে প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। কিন্তু, ঠিকাদার frequently তাদের Requirement and Required Quantity পরিবর্তন করছে। ফলে, বিষয়টি সমস্যার সৃষ্টি করছে। বিষয়টি বারংবার ঠিকাদারকে বলা হলেও কার্যতঃ কোন ফলাফল পাওয়া যাচ্ছে না।<br><br>**সিদ্ধান্ত / সুপারিশঃ**<br>১) EGCB কর্তৃপক্ষের সাথে প্রতিনিয়ত যোগাযোগ করতে হবে যেন দ্রুত এবং যথাসময়ে উল্লিখিত 2-3 Diaphragm Segment টির Spare এনে চলমান 1st Major Inspection (MI) নির্ধারিত সময়ের মধ্যেই শেষ করা যায়।<br><br>২) GTG Rotor টির Rail Alignment দ্রুততম সময়ের মধ্যে ঠিক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। GTG Rotor টি Pull-out করার পূর্বে Mitsubishi Power এর পক্ষ থেকে Clearance নিতে হবে এবং | |

| ক্রঃ নং | প্রকল্পের / বিদ্যুৎ কেন্দ্রের নাম | পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনের স্থান ও সময়কাল | পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণ ও সিদ্ধান্ত / সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | Technical Advisor (TA)-এর উপস্থিতিতে সতর্কতার সাথে কাজটি সম্পন্ন করতে হবে যেন কোন Accident না ঘটে।<br><br>৩) ঠিকাদারের Requirement and Quantity-এর frequent পরিবর্তনের ব্যাপারে সতর্ক করে ঠিকাদার বরাবর অফিশিয়াল পত্র/ইমেইল প্রদান করতে হবে। ঠিকাদারের কাজে কোন প্রকার fault পেলে তা Documented করতে হবে। ঠিকাদারকে উল্লিখিত পত্র/ইমেইলে সতর্ক করতে হবে যে ঠিকাদারের সকল fault এর দায়ভার ঠিকাদারকেই নিতে হবে। বর্ণিত বিষয়ে ঠিকাদার বরাবর প্রেরিতব্য সকল পত্র/ইমেইলের শেষে "Please acknowledge the receipt of this letter / email." লিখে দিতে হবে।<br><br>৪) বিদ্যুৎ কেন্দ্রের চলমান MI-শেষ হবার পূর্বেই Machine Ready হবার ১-২ সপ্তাহ আগে থেকেই বিপিডিবি, সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড এবং নওপাজেকো'র অন্যান্য বিদ্যুৎ কেন্দ্র সমূহের সাথে যোগাযোগ ও সমন্বয় করে Capacity Test এর জন্য প্রয়োজনীয় গ্যাসের জোগান নিশ্চিত করতে হবে। | |

১৮.০২.২৬

**(মোঃ হারুন অর রশীদ)**
নির্বাহী পরিচালক (পিএন্ডডি)
নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড, ঢাকা।